

স্বপ্নবিকাশ কলাকেন্দ্র

SWAPNOBIKASH KALAKENDRA

গঠনতত্ত্ব

অনুচ্ছেদ-১ : সংগঠনের নাম

বাংলায় “স্বপ্নবিকাশ কলাকেন্দ্র” যা ইংরেজিতে SWAPNOBIKASH KALAKENDRA এবং সংক্ষেপে SKK হিসেবে প্রকাশিত হবে।

অনুচ্ছেদ-২ : কার্যালয়

এই সংগঠনের সদর দপ্তর ঢাকা মহানগরীতে অবস্থিত হবে।

অনুচ্ছেদ-৩ : মনোযোগ

সংগঠনের একটি নিজস্ব মনোযোগ থাকবে।

অনুচ্ছেদ-৪ : সংগঠনের প্রকৃতি

এটি একটি অরাজনৈতিক সাংস্কৃতিক সংগঠন।

অনুচ্ছেদ-৫ : সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য

“সংস্কৃতির শিখ ধারায় সিক্ত হোক সবাই” এই স্লোগানকে সামনে রেখে দেশীয় সংস্কৃতির বিকাশ এবং বাঙালী ঐতিহ্য লালন করাই হচ্ছে স্বপ্নবিকাশ কলাকেন্দ্রের মূল লক্ষ্য ও উদ্দেশ্য।

এ লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে নিম্নোক্ত বিষয়ে গুরুত্ব আরোপ করা হবে :-

- ক) শিশু কিশোরদের মেধা ও মনন বিকাশে সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনা করা।
- খ) জাতীয়, সামাজিক এবং সাংস্কৃতিক ঐতিহ্যকে সমৃদ্ধ রাখার লক্ষ্যে শিশু, কিশোরসহ সমাজের সকলকে উদ্বৃদ্ধ এবং অনুপ্রাণিত করা।
- গ) প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি সুষ্ঠ সংস্কৃতিচর্চার মাধ্যমে সৃজনশীল শিল্পী- কলাকুশলী তৈরী করা।
- ঘ) সৃজনশীল কর্মের মাধ্যমে শিশু, কিশোর অধিকার সংরক্ষণের জন্য কাজ করা।
- ঙ) শিশুদের অধিকার সংরক্ষণ ও মেধা বিকাশে অভিভাবক সহ সংশ্লিষ্ট সকলকে সচেতন করা।
- চ) দেশীয় সংস্কৃতির বিকাশে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান ও কর্মকাণ্ড পরিচালনা করা।
- ছ) সুষ্ঠ সংস্কৃতি চর্চার মাধ্যমে সর্বপ্রকার সত্ত্বাস এবং নেশাদ্রব্যের কুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।
- জ) রাষ্ট্রীয়ভাবে স্বীকৃত শিশু-কিশোর অধিকার বিষয়ক সকল প্রকার কার্যক্রমের সঙ্গে সংহতি প্রকাশ করা।